

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.২৬

তারিখ: ৯ মাঘ ১৪২৮

২৩ জানুয়ারি ২০২২

বিষয়: চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২১-২২ মৌসুমে আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে রাজশাহী বিভাগে ৬,০০০ মে:টন ও খুলনা বিভাগে ৫০০০ মে:টন চালের অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহীর স্মারক নং ১৩.০১.০০০০.২২৫.১৬.০০৪.২১.৩৩০, তারিখ: ১৯/০১/২০২২ খ্রি:।

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনার স্মারক নং ১৩.০১.০০০০.২৩০.৪৫.০০৪.২১.২৩৩, তারিখ: ২৩/০১/২০২২ খ্রি:।

৩। সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.১০, তারিখ: ০৬/০১/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২১-২২ মৌসুমে ৭.২০ লাখ মে:টন সিদ্ধ চালের লক্ষ্যমাত্রার বিপরীতে গত ২২/০১/২০২২ খ্রি: পর্যন্ত চালকল মালিকদের অনুকূলে মূল লক্ষ্যমাত্রা ও পুনবরাদ্দসহ ৬৬৭১৭৮ মে:টন চালের বরাদ্দ প্রদান করা হয়েছে। সে মোতাবেক অবরাদ্দকৃত চালের পরিমাণ (৭২০০০০-৬৬৭১৭৮)=৫২৮২২ মে:টন। অবরাদ্দকৃত চালের বিভাগভিত্তিক পরিমাণ নিম্নরূপঃ

ছক-১

ক্র:নং	বিভাগের নাম	অবরাদ্দকৃত চালের পরিমাণ (মে:টন)
১.	ঢাকা	৬০৯৮
২.	ময়মনসিংহ	১০৪৬৩
৩.	চট্টগ্রাম	১৭৭৪২
৪.	সিলেট	৮৪১৩
৫.	বরিশাল	১০১০৬
সর্বমোট=		৫২৮২২

সূত্রস্থ ১নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী তার বিভাগে চালের প্রদত্ত লক্ষ্যমাত্রা ১,৫৬,৩৭৪ মে:টন এর অতিরিক্ত আরো ২১,২৬৫ মে:টন এবং সূত্রস্থ ২নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা তার বিভাগে চালের প্রদত্ত লক্ষ্যমাত্রা ৯২০৫৭ মে:টন এর অতিরিক্ত আরো ২০,০০০ মে:টন চালের বরাদ্দ প্রদানের জন্য খাদ্য অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করেছেন।

এক্ষণে, রাজশাহী ও খুলনা বিভাগে চাহিত যথাক্রমে ২১,২৬৫ মে:টন ও ২০,০০০ মে:টন চালের পরিপ্রেক্ষিতে ছক-১ এ বর্ণিত বিভাগসমূহের অবরাদ্দকৃত পরিমাণ থেকে যথা: চট্টগ্রাম বিভাগ থেকে ৭০০০ মে:টন এবং বরিশাল বিভাগ থেকে ৪০০০ মে:টন সহ মোট ১১,০০০(এগার হাজার) মে:টন বরাদ্দ কর্তন করে তা অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮নং অনুচ্ছেদের (খ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে রাজশাহী বিভাগে অতিরিক্ত ৬,০০০ মে:টন ও খুলনা বিভাগে অতিরিক্ত ৫০০০ মে:টন বরাদ্দ প্রদান করা হলো। সমন্বয়ের পরে রাজশাহী ও খুলনা বিভাগের লক্ষ্যমাত্রার পরিমাণ নিম্নের ছক-২ এ দেখানো হলোঃ

ছক-২

ক্র:নং	বিভাগের নাম	মূল লক্ষ্যমাত্রা (মে:টন)	১ম দফার অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)	২য় দফার অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)	মোট লক্ষ্যমাত্রা (মে:টন)	৩য় দফায় প্রদানকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)	সমন্বয়ের পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)
১	২	৩	৪	৫	৬(৩+৪+৫)	৭	৮(৬+৭)
১	রাজশাহী	১,০৬,৩৭৪	২৫,০০০	২৫,০০০	১,৫৬,৩৭৪	৬,০০০	১,৬২,৩৭৪
২.	খুলনা	৬৭,০৫৭	২৫,০০০	-	৯২,০৫৭	৫,০০০	৯৭,০৫৭

রাজশাহী বিভাগে ৬০০০ মে:টন ও খুলনা বিভাগে ৫০০০ মে:টন লক্ষ্যমাত্রা সমন্বয়ের ক্ষেত্রে চট্টগ্রাম ও বরিশাল বিভাগের অবরাদ্দকৃত

পরিমাণ থেকে ১১,০০০ মে:টন কর্তনের পর সংশ্লিষ্ট বিভাগসমূহে স্থিরকৃত লক্ষ্যমাত্রার চিত্র নিম্নোক্ত ছক-৩ এ দেখানো হলো:

ক্র:নং	বিভাগের নাম	বর্তমান লক্ষ্যমাত্রা (মে:টন)	কর্তনকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)	কর্তনের পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)
১	২	৩	৬	৭ (৫-৬)
১.	চট্টগ্রাম	৬৭,৭৯১	৭,০০০	৬০,৭৯১
৪.	বরিশাল	৩৩,৭৪২	৪,০০০	২৯,৭৪২

অতিরিক্ত চালের বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি অনুসরণ করতে হবে;

ক) সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলা কমিটিকে অবহিত করে বরাদ্দ প্রদান করবেন;

খ) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যা কিছুই থাকুক না কেন সকল প্রকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলারের সাথে চুক্তিকৃত চালের সর্বোচ্চ পরিমাণের অতিরিক্ত পরিমাণ বরাদ্দ প্রদান করা যাবে না। তবে প্রয়োজনে একই মিলার বরাবরে রিপিট বরাদ্দ প্রদান করা যাবে।

অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রার চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের চাল ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৪-১-২০২২

মোঃ রায়হানুল কবীর

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: [dproc@dgfood.gov.bd](mailto:dproc@dgfood.gov.bd)


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/রাজশাহী

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.২৬/১(৭)

তারিখ: ৯ মাঘ ১৪২৮  
২৩ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম/বরিশাল।
- ৫) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।



২৪-১-২০২২

মোঃ রায়হানুল কবীর

পরিচালক